

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
জেনেটিক রিসোর্সেস এন্ড সিড বিভাগ

বিভাগের উদ্দেশ্য :

পাট ও পাটজাতীয় ফসলের কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং প্রজনন বীজ উৎপাদন ও বিতরণ।
জীবপ্রযুক্তি গবেষণার মাধ্যমে পাট, কেনাফ ও মেস্তার জাত উন্নয়ন।

জীন ব্যাংক শাখার উদ্দেশ্য:

- ০১। পাট, কেনাফ, মেস্তা ও অন্যান্য আঁশ ফসলের জার্মপ্লাজম সংগ্রহ ও সংরক্ষণ এবং সংগৃহীত জার্মপ্লাজমসমূহের চরিত্রায়ন, মূল্যায়ন ও ডকুমেন্টেশন।
- ০২। জীন ব্যাংক এ সংরক্ষিত জার্মপ্লাজমসমূহের মান যাচাইপূর্বক প্রয়োজনে বীজ পুনঃবর্ধন (Regeneration) করে সংরক্ষণ।

সাইটোজেনেটিক্স শাখার উদ্দেশ্য:

- ০১। ইন ভিট্রো (*In vitro*) এক্সপ্লান্ট কালচারের মাধ্যমে (মাইক্রোপ্রোপাগেশন) পাট, কেনাফ ও মেস্তার রিজেনারেশন প্রোটোকলের উন্নতি সাধন।
- ০২। Karyotype analysis, embryo rescue, pollen culture এবং protoplast fusion পদ্ধতির গবেষণা।
- ০৩। জেনেটিক ট্রান্সফরমেশনের মাধ্যমে কাঙ্ক্ষিত জীন পাট, কেনাফ ও মেস্তার জাতে সন্নিবেশ ঘটিয়ে জাতের উন্নয়ন/উদ্ভাবন।
- ০৪। পাট, কেনাফ ও মেস্তার জার্মপ্লাজমের ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং এর মাধ্যমে আণবিক চরিত্রায়ন (molecular characterization) সম্পন্ন করা।
- ০৫। সংরক্ষিত জার্মপ্লাজম থেকে জীবীয়, অজীবীয় ও কাঙ্ক্ষিত গুণাগুণ নির্ধারক মলিকুলার মার্কার সনাক্তকরণ।

প্রজনন বীজ শাখার উদ্দেশ্য:

- ০১। ভিত্তি বীজ উৎপাদনকারী বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থাকে চাহিদা মোতাবেক প্রজনন বীজ সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ বীজ উৎপাদন।
- ০২। প্রজনন বীজ বিষয়ক গবেষণা এবং প্রজনন বীজ উৎপাদনের জন্য নিউক্লিয়াস বীজ উৎপাদন।